# মানবণ্টন : পূর্ণমান ৫০

- সৃজনশীল প্রশ্নের জন্য ৩০ নম্বর এবং বহুনির্বাচনি প্রশ্নের জন্য ২০ নম্বর বরাদ্দ থাকবে।
- প্রতিটি সৃজনশীল প্রশ্নের নম্বর ১০ এবং প্রতিটি বহুনির্বাচনি প্রশ্নের নম্বর ১।

- **সৃজনশীল প্রশ্ন**
  সৃজনশীল অংশে মোট ৫টি প্রশ্ন থাকবে এবং উত্তর দিতে হবে মোট ৩টি প্রশ্নের।

- **বহুনির্বাচনি প্রশ্ন**
  ২০টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে, সব কয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।

**সৃজনশীল প্রশ্নপত্রের সাধারণ কাঠামো**

এতে প্রতিটি প্রশ্নের শুরুতে একটি দৃশ্যকল্প বা উদ্দীপক (Stem) থাকবে যা হতে পারে একটি সাধারণ সূচনা বক্তব্য, চার্ট, সমীকরণ, চিত্র, গ্রাফ ইত্যাদি। দৃশ্যকল্প বা উদ্দীপকের শেষে ৪টি প্রশ্ন থাকবে।

প্রশ্ন ৪টির নম্বর বণ্টন হবে নিম্নরূপ:

**(ক) প্রশ্নের মান থাকবে ১**

**(খ) প্রশ্নের মান থাকবে ২**

**(গ) প্রশ্নের মান থাকবে ৩**

**(ঘ) প্রশ্নের মান থাকবে ৪**

প্রতিটি প্রশ্নের এই ৪টি অংশের মোট নম্বর হবে ১০।

# ক্যারিয়ার শিক্ষা

কোর্স কোডঃ SSC-2358

## সৃজনশীল প্রশ্ন

সময়: ১ ঘন্টা ৩০ মিনিট

পূর্ণমান- ৩০

[বিশেষ দ্রষ্টব্যঃ দক্ষিণ পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ুন এবং প্রশ্নগুলোর উত্তর দিন। যে কোন **তিনটি** প্রশ্নের উত্তর দিন।]

**১. নিচের উদ্দীপকটি পড়ুন এবং তংসংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দিন।**

কামাল ও ওমর পাশাপাশি একই রকমের দুইটি দোকান চালায়। ওমর তার ক্রেতা, মাল সরবরাহকারী, দোকানের কর্মচারীসহ সবার সাথে পরিশীল ব্যবহার করে। অন্যদিকে কামাল মাত্রাতিরিক্ত আবেগপ্রবণ। তার দোকান ওমরের মতো ভালো চলে না; সে চিন্তা করে কীভাবে এটাকে ভালোভাবে চালানো যায়।

ক. ব্যক্তিগত আচরণ কী? ১

খ. কর্মক্ষেত্রে সফলতার জন্য আমাদের ব্যক্তিগত আচরণ কীরূপ হওয়া দরকার? ২

গ. ওমরের দোকান ভালো চলার কারণ নির্ণয় করুন। ৩

ঘ. কামাল কীভাবে তার দোকান ভালো চালাতে পারে তা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করুন। ৪

**২. নিচের উদ্দীপকটি পড়ুন এবং তংসংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দিন।**

মল্লিক সাহেব তার কর্মক্ষেত্রে দলগত যেকোন কাজের ক্ষেত্রে সহকর্মীদের কাছে আস্থাশীল ব্যক্তি হিসেবে পরিচিত। তাছাড়া মল্লিক সাহেব মাঝে মধ্যেই দলগত কাজের ক্ষেত্রে সহকর্মীদের উদ্দেশ্যে বলে থাকেন সবাই যেন কাজ অনুযায়ী সময়কে ভাগ করে নেয়, যাতে তারা সময়কে যথাযথভাবে কাজে লাগিয়ে সর্বোচ্চ সুফল অর্জন করতে পারে।

ক. আবেগ কী? ১

খ. মনোভাব বলতে কি বোঝেন? ২

গ. কর্মক্ষেত্রে সবাই মল্লিক সাহেবের মতো সহকর্মীর সাথে দল গঠন করতে চায় কেন ব্যাখ্যা করুন। ৩

ঘ. মল্লিক সাহেবের পরামর্শটি কীভাবে আমাদের ক্যারিয়ার গঠনে সহায়ক ভূমিকা পালন করবে– বিশ্লেষণ করুন। ৪

**৩. নিচের উদ্দীপকটি পড়ুন এবং তংসংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দিন।**

সুমনা বরাবরই পরীক্ষায় রেজাল্ট খারাপ করে। এজন্য সুমনার বাবা শিক্ষকের সাথে পরামর্শ করেন। শিক্ষক বলেন, সে ক্লাসে কথা মনোযোগ দিয়ে শুনে না, ফলে সে বাড়ির কাজও ভালোভাবে জমা দিতে পারে না।

ক. সংযোগ স্থাপন কী? ১

খ. সময়ের কাজ সময়ের করা উচিত কেন? ২

গ. সুমনার সমস্যা সমাধানে কী করা উচিত? ব্যাখ্যা করুন। ৩

ঘ. সুমনার এ ধরনের কাজ থেকে বিরত থাকার গুরুত্ব বর্ণনা করুন। ৪

**৪. নিচের উদ্দীপকটি পড়ুন এবং তংসংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দিন।**

নতুন অফিসে কাজে যোগদানের প্রথম দিনেই মানব সম্পদ কর্মকর্তা মেরিনাকে অফিসে সবার সাথে পরিচয় করিয়ে দিল এবং মেরিনাও তার অফিসিয়াল ই-মেইল আইডি থেকে সবাইকে পরিচিতি-ই-মেইল পাঠালো।

ক. অনুভূতী কি? ১

খ. কাকে ভালো শ্রোতা বলা যায়? ২

গ. মানবসম্পদ কর্মকর্তা কেন মেরিনাকে সবার সাথে পরিচয় করিয়ে দিয়েছিল? ব্যাখ্যা করুন। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত উদ্দেশ্য পরিচিতি ই-মেইল পাঠানো ছাড়াও মেরিনা আর কী কী করতে পারে তা আলোচনা করুন। ৪

**৫. নিচের উদ্দীপকটি পড়ুন এবং তৎসংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দিনঃ**

নবাব এম এ পাস করার পর কোনো চাকরি না পেয়ে গ্রামে চলে যায়। স্থানীয় বেসরকারী একটি উন্নয়ন সংস্থা থেকে ক্ষুদ্র ও কুটির শিল্পের উপর প্রশিক্ষণ নিয়ে সে নিজেই সে নিজেই নিজের কর্মসংস্থান সৃষ্টি করে।

ক. আত্মকর্মসংস্থান কী? ১

খ. বৈদেশিক মুদ্রা কিভাবে দেশের অর্থনীতিতে সমৃদ্ধ করে? ২

গ. এ ধরনের শিল্প বিকাশে নবাবের ভূমিকা ব্যাখ্যা করুন। ৩

ঘ. নবাব তার কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে আর কী ধরনের প্রকল্প গ্রহণ করতে পারবে? আলোচনা করুন। ৪

## ক্যারিয়ার শিক্ষা

### বহুনির্বাচনি অভীক্ষা

সময়: ২০ মিনিট

পূর্ণমান- ২০

[বিশেষ দ্রষ্টব্যঃ প্রতিটি প্রশ্নের মান ১]

১. কর্মে সফলতায় নিচের কোন মূল্যবোধটি সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ?
ক. সততা খ. সময়ানুবর্তিতা
গ. নিয়মানুবর্তিতা ঘ. নান্দনিকতা

২. পৃথিবীর সকল মানুষ কোন অদৃশ্য বন্ধনে আবদ্ধ?
ক. হিংসার খ. ঘৃণার
গ. সহযোগিতার ঘ. মায়ার

৩. যোগ্যতা দিয়ে চাকরি পেলেও কর্মক্ষেত্রে সহকর্মীর সাথে কী রাখা প্রয়োজন?
ক. বন্ধুত্ব খ. দৃঢ় সংযোগ
গ. শত্রুতা ঘ. মিত্রতা

৪. ভালো শ্রোতা হওয়ার বৈশিষ্ট্য কোনটি?
ক. অন্যমনস্ক হয়ে পড়া খ. নিজে কথা বলা
গ. মনোযোগ দিয়ে কথা শোনা ঘ. হঠাৎ অপ্রাসঙ্গিক বিষয়ে কথা বলা

৫. মানুষের আবেগ, অনুভূতি ও মনোভাবের বহিঃপ্রকাশকে কী বলে?
ক. মনোভাব খ. আবেগ
গ. অনুভূতি ঘ. ব্যক্তিগত আচরণ

৬. কোনটি নিয়মিত করা উচিত?
ক. ঝগড়া খ. পরিশ্রম
গ. শরীরচর্চা ঘ. কুশল বিনিময়

৭. সততা কিসের অংশ?
ক. নিম্ন মূল্যবোধের খ. মূল্যবোধহীনতার
গ. উচ্চ মূল্যবোধের ঘ. উন্নত মূল্যবোধের

৮. মানুষকে মিশুক প্রকৃতির হতে হয়–
i. ক্যারিয়ারের স্বার্থে ii. সামাজিক স্বার্থে
iii. জাতীয় স্বার্থে
নিচের কোনটি সঠিক?
ক. i. ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দিন:

রোদেলা নবম শ্রেণির ছাত্রী। সে সহপাঠীদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করে সুসম্পর্ক বজায় রাখে। এজন্য পড়ালেখা ও অন্যান্য বিষয়ে কোনো সমস্যা হলে সহপাঠীরা এগিয়ে আসে।

৯. রোদেলা তা সহপাঠীদের সাথে কোন ধরনের সংযোগস্থাপন করেছে?
   ক. ব্যক্তিগত   খ. পেশাগত
   গ. সামাজিক   ঘ. রাজনৈতিক

১০. রোদেলা সহপাঠীদের সাথে সংযোগস্থাপন করায় সে সুবিধা ভোগ করে তা হলো–
   i. পড়ালেখায় সমস্যা হলে সাহায্য নিতে পারে   ii. বিপদ হলে সহপাঠীরা এগিয়ে আসে
   iii. বিপদে সহপাঠীরা এগিয়ে আসে না
   নিচের কোনটি সঠিক?
   ক. i ও ii   খ. i ও iii
   গ. ii ও iii   ঘ. i, ii ও iii

১১. কোনটি পৃথিবীর আদিমতম পেশা?
   ক. কারখানার শ্রমিক   খ. ইঞ্জিনিয়ার
   গ. কৃষিকাজ   ঘ. চিকিৎসা

১২. বাংলাদেশের কোন শিল্প বর্তমানে বিশ্ববিখ্যাত?
   ক. কৃষিশিল্প   খ. পোশাকশিল্প
   গ. খনিশিল্প   ঘ. নির্মাণশিল্প

১৩. অধিকাংশ মানুষের চাকরি না পাওয়ার কারণ–
   ক. পড়াশোনার অভাব   খ. নেতৃত্বের অভাব
   গ. জ্ঞানের অভাব   ঘ. পরিকল্পনার অভাব

১৪. কোনটি আমাদের দেশের শিক্ষিত নাগরিকদের প্রথম পছন্দের পেশা?
   ক. বি.সি.এস   খ. শিক্ষকতা
   গ. ডাক্তারি   ঘ. আইনি পেশা

১৫. সম্মান ও সুনিশ্চিত ভবিষ্যতের জন্য যে পেশার প্রতি সবার আগ্রহ বৃদ্ধি পাচ্ছে–
   ক. আইন-সংক্রান্ত পেশা   খ. ব্যবসায় সংক্রান্ত পেশা
   গ. ডাক্তারি সংক্রান্ত পেশা   ঘ. চাকরি সংক্রান্ত পেশা

১৬. আমাদের দেশে সম্ভাবনাময় শিল্প হলো–
   ক. পাটশিল্প   খ. চামড়াশিল্প
   গ. জাহাজশিল্প   ঘ. কারুশিল্প

১৭. কোন পেশা অন্য পেশা থেকে কিছুটা ভিন্ন?
   ক. চাকরি   খ. প্রকল্প
   গ. আউটসোর্সিং   ঘ. শিক্ষকতা

১৮. কোন ডিগ্রি অর্জনের জন্য মালয়েশিয়া বা দক্ষিণ-পূর্ব এশিয়ায় যাওয়া হয়?
   ক. M.B.A   খ. B.B.A
   গ. M.B.B.S   ঘ. P.H.D

১৯. পশুপালন সম্পর্কে সকল সহায়তা পাওয়া যায়–
   ক. স্থানীয় কৃষি সম্প্রসারণ অফিস থেকে   খ. স্থানীয় প্রাণিসম্পদ অফিস থেকে
   গ. স্থানীয় চেয়ারম্যানের অফিস থেকে   ঘ. স্থানীয় পশুসম্পদ অফিস থেকে

২০. আদর্শ জীবনবৃত্তান্তের বৈশিষ্ট্য–
   ক. জীবনবৃত্তান্ত সংক্ষিপ্ত হবে   খ. বেশি কথা শিক্ষাগত যোগ্যতায় লেখা
   গ. সংশয় থাকবে   ঘ. জীবনবৃত্তান্তটি বড় হবে